বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/ ২৫০
ফ্যাক্স ঃ ৯৫৫২৪১০

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/৫৬৯ তারিখ ঃ ২২-১০-২০১৯ খ্রীঃ

সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (BACH Related, মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ- বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ এর Upgraded Version বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ২১/১০/২০১৯ তারিখের পিএসডি সার্কুলার লেটার নং-৩/২০১৯ এর প্রতি সানুগ্রহ দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটার এ বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ এর Upgraded Version এর কার্যক্রম আগামী ২৪/১০/২০১৯ তারিখ হতে শুরু হবে। এ লক্ষ্যে আগামী ২৫/১০/২০১৯ তারিখ (শুক্রবার) ও ২৬/১০/২০১৯ তারিখ (শনিবার) তফসিলি ব্যাংকসমূহের চেক ও ইএফটি প্রসেসিং ইউনিটের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অফিসে উপস্থিত থাকতে হবে মর্মে নির্দেশনা আছে।

০৩। এমতাবস্থায়, BACH Related সকল শাখায় বাংলাদেশ ব্যাংকের পিএসডি সার্কুলার লেটার নং-৩/২০১৯ এর নির্দেশনা পরিপালনসহ আগামী ২৫/১০/২০১৯ তারিখ (শুক্রবার) ও ২৬/১০/২০১৯ তারিখ (শনিবার) চেক ও ইএফটি প্রসেসিং ইউনিটের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অফিসে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

22/10/2019

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপ

সংযুক্তি ঃ ০২ (দুই)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/৫৬৯ তারিখ ঃ ২২-১০-২০১৯ খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ-

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
২।স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয় ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকতা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকতা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।

22.10.19

মোঃ আঃ আজিজ
সহকারী মহাব্যবস্থাপক

E:\tanmay\BCBD\1(33)2019-2020\batch.doc

পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং-৩/২০১৯

তারিখ ঃ ২১ অক্টোবর ২০১৯
৫ কার্তিক ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস এর Upgraded Version বাস্তবায়ন প্রসঙ্গে।**

আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যমান চাহিদার সাথে সামঞ্জস্য রক্ষার্থে বর্তমানে কার্যরত বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ এর Application আপগ্রেডেশন সম্পন্ন করা হয়েছে যার কার্যক্রম আগামী ২৪ অক্টোবর ২০১৯ তারিখ হতে শুরু হবে। এতদ্‌উদ্দেশ্যে, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো যাচ্ছে ঃ

১। **স্থানীয় মুদ্রার চেক ক্লিয়ারিং ঃ** বর্তমানে প্রচলিত 'BACPS Operating Rules & Procedure' এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহ যথাযথভাবে পরিপালন করে স্থানীয় মুদ্রার চেক ক্লিয়ারিং কার্যক্রম পরিচালিত হবে।

২। **EFT Multi-session ঃ** নতুন ব্যবস্থায় EFT লেনদেন প্রতিদিন ২টি সেশনে স্থানীয় মুদ্রায় সম্পন্ন করা হবে, যার প্রথমটি রাত ১২:০১ মিনিট হতে দুপুর ২:০০ মিনিট পর্যন্ত এবং দ্বিতীয়টি দুপুর ২:০১ মিনিট হতে রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত পরিচালিত হবে। ডেবিট ও ক্রেডিট লেনদেন পৃথক পৃথক ফাইলের মাধ্যমে অর্থাৎ একই ফাইলে উভয় প্রকার লেনদেন অন্তর্ভুক্ত না করে উপস্থাপন করতে হবে। ডেবিট ও ক্রেডিট লেনদেনের ক্ষেত্রে পরবর্তী সেশন (Next Available Session)-এর মধ্যে Return কার্যক্রম সম্পন্ন করতে হবে।এতদ্‌ব্যতীত অন্যান্য ক্ষেত্রে EFT লেনদেন বর্তমানে প্রচলিত 'BEFTN Operating Rules' এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের মাধ্যমে পরিচালিত হবে।

৩। নতুন BACH এর আনুষ্ঠানিক কার্যারম্ভ সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ২৫/১০/২০১৯ তারিখ (শুক্রবার) ও ২৬/১০/২০১৯ তারিখ (শনিবার) তফসিলি ব্যাংকসমূহের চেক ও ইএফটি প্রসেসিং ইউনিটের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অফিসে উপস্থিত থাকতে হবে।

৪। চূড়ান্ত কার্যারম্ভের পরিকল্পনা নিম্নরূপ ঃ

**EFT**

৪.১। পুরাতন BACH এ EFT Outward পাঠানোর শেষ সময় হবে ২২/১০/২০১৯ তারিখ ২৩:৫৯ ঘটিকা (রাত ১১:৫৯ মিনিট) পর্যন্ত;

৪.২। পুরাতন BACH এ EFT Outward Return পাঠানোর শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১৮:০০ (সন্ধ্যা ৬:০০ মিনিট) ঘটিকা পর্যন্ত। বর্ণিত সময়ের মধ্যে অংশগ্রহণকারী সকল তফসিলি ব্যাংক পুরাতন BACH এর সকল অনিষ্পন্ন EFT Outward Return প্রেরণ সম্পন্ন করবে। EFT সংশ্লিষ্ট Net Settlement রিপোর্ট ২৩/১০/২০১৯ তারিখ ১৮:০০ (সন্ধ্যা ৬:০০ মিনিট) ঘটিকায় প্রদান করা হবে।

**Cheque**

৪.৩। পুরাতন BACH এ High Value চেক প্রদানের শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১২:০০ ঘটিকা (দুপুর ১২:০০ মিনিট) পর্যন্ত এবং High Value চেক Return প্রদানের শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১৫:৩০ ঘটিকা (দুপুর ৩:৩০ মিনিট) পর্যন্ত;

চলমান পাতা / ২

৪.৪। পুরাতন BACH এ Regular Value চেক প্রদানের শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১২:৩০ (দুপুর ১২:৩০ মিনিট) ঘটিকা পর্যন্ত এবং Regular Value চেক Return প্রদানের শেষ সময় ২৩/১০/২০১৯ তারিখ ১৭:০০ (বিকাল ৫:০০ মিনিট) ঘটিকা পর্যন্ত;

৫। বর্ণিত সকল প্রকার Cut Off সময় অপরিবর্তিত থাকবে।

৬। ২৩/১০/২০১৯ তারিখ ১৮:০০ (সন্ধ্যা ৬:০০ মিনিট) ঘটিকা থেকে Online Enquiry ব্যতীত পুরাতন BACH এর অন্য সকল কার্যক্রম বন্ধ থাকবে;

৭। ২৪/১০/২০১৯ তারিখ ০০:০০ (রাত ১২:০০ মিনিট) ঘটিকা থেকে নতুন BACH এর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হবে;

৮। ২৪/১০/২০১৯ তারিখ হতে ২৯/১০/২০১৯ তারিখ পর্যন্ত চেক এর রিপ্রেজেন্টমেন্ট বন্ধ থাকবে। পুরাতন BACH এর Returned চেক সমূহের ক্ষেত্রে ব্যাংকগুলো পারস্পরিক যোগাযোগের মাধ্যমে নিকাশ সম্পন্ন করবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-৯৫৩০৬১১